বিএনপি এখন সন্ত্রাসী জঙ্গী বাহিনীর মত হয়ে গেছে : হানিফ

‘বিএনপি এখন আত্মগোপনে থেকে সন্ত্রাসী জঙ্গী বাহিনীর মত হয়ে গেছে’ বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

তিনি বলেন, বিএনপির সামনে কোন রাস্তা খোলা নেই। তারা এখন সন্ত্রাসী জঙ্গী বাহিনীর মত হয়ে গেছে। আত্মগোপনে থেকে থেকে বাসে ট্রাকে আগুন দিয়ে মানুষ হত্যা করায় তাদের কাজ। তারেক রহমান এখন জঙ্গী দলের নেতা হিসেবে যা বলছে তা তার দলের নেতাকর্মীরা ভাবতে পারে। কিন্তু জনগন ও সরকার এ নিয়ে কিছু ভাবে না। কোন লাল চিঠি কিংবা সাদা চিঠি দিয়ে এই সরকারকে টলানো যাবে না।

রোববার সকালে কুষ্টিয়া শহরের নিজ বাসভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

এসময় নির্বাচন নিয়ে অভিযোগ প্রসঙ্গে মাহবুবউল আলম হানিফ বলেন, এখন বিএনপি মাগুরা স্টাইলের নির্বাচন হচ্ছে বলে অভিযোগ করছে, কিন্তু মাগুরা স্টাইলের নির্বাচন টা করেছিলো ওই বিএনপিই। এর জন্য তারা এখনও জাতীর কাছে ক্ষমা চায়নি। আওয়ামী লীগ অন্য কোন স্টাইলে নির্বাচন করে না। সংবিধান অনুযায়ী জনগণের অংশগ্রহনমূলক নির্বাচন করবে।

হানিফ আরও বলেন, ইতিমধ্যে ভোটের আমেজ শুরু হয়ে গেছে। এই মুহুর্তে যদি কেউ মনে করেন ভোট বন্ধ করে কোন প্রভু কাউকে ক্ষমতায় বসিয়ে দেবে তবে সেই স্বপ্ন দিবা স্বপ্ন হয়েই থাকবে। ২০১৪ সালেও বিএনপি নির্বাচন বানচাল করতে জ¦◌ালাও পোড়াও করেছে। কোন লাভ হয়নি।

এসময় স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরাসহ গণমাধ্যম কর্মীরা ও উপস্থিত ছিলেন।

[illegible] [illegible] [illegible]

বিচার করেনি। পরে আইনের আশ্রয় নেয় স্কেবিটর চালক।

এদিকে রাশিদুল ইসলাম খোকন এমএ খালেক কে নিয়ে ফেসবুকে ভূমিদস্যু আখ্যায়িত করে মান হানিকর মনগড়া নামা মন্তব্য লিখে এমএ খালেকের মামহানি করা হয়। এতে ক্ষিপ্ত হয়ে ওঠে আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মীরা। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় প্রতিবাদ জানানো হয়।

অন্যদিকে শ্রমিক মির্যাতনের বিচার চেয়ে ব্রিফিং করেন গাংমী শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির উদ্দিন ও মনিরুল ইসলাম মনি।

দু:খ প্রকাশ

আজ সোমবার (২২ আগষ্ট) দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার অনলাইন ও প্রিন্ট ভার্সনে ‘গাংনীতে ২১ আগষ্ট গ্রেনেড হামলার জনসভা, আবার দেশী বিদেশী অপশক্তি মাথা চাড়া দিয়ে উঠছে- মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন” শীরোনামে প্রকাশিত সংবাদের একটি স্থানে বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের স্থলে ভুলবশত বিএনপি লেখা হয়েছে।
এখানে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল পড়তে হবে।
অনিচ্ছাকৃত এই ভুলের জন্য আন্তরিকভাবে দু:খ প্রকাশ করছি। ইতোমধ্যে আমরা অনলাইনে সংশোধন করেছি। আগামি কাল ২৩ আগস্টের প্রিন্ট পত্রিকায় সংশোধনী ছাপানোর ব্যবস্থা করবো।
বার্তা সম্পাদক